

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এই ধরনের কাজ ফরয ও নফল সিয়াম উভয় ক্ষেত্রেই জায়েয

ذَكَرُ الْبَيَانِ أَنَّ هَذَا الْفِعْلَ مُبَاحٌ لِلْمَرْءِ فِي صَوْمِ الْفَرَضِ وَالتَّطَوُّعِ مَعًا

আরবী

3537 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْبَلُ بَعْضَ نِسَائِهِ وَهُوَ صَائِمٌ قُلْتُ لِعَائِشَةَ: فِي الْفَرِيضَةِ وَالتَّطَوُّعِ؟ قَالَتْ: عَائِشَةُ فِي كُلِّ ذَلِكَ فِي الْفَرِيضَةِ وَالتَّطَوُّعِ.

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3537 | خلاصة حكم المحدث: منكر - بزيادة: قلت لعائشة. قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ وَسَمِعَهُ مِنْ عَائِشَةَ نَفْسِهَا وَالِدِيلُ عَلَى صِحَّتِهِ: أَنَّ مَعْمَرًا قَالَ: عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ قَالَ: قُلْتُ لِعَائِشَةَ: فِي الْفَرِيضَةِ وَالتَّطَوُّعِ؟ فَمَرَّةً أَدَّى الْخَبَرَ عَنْ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ وَأُخْرَى أَدَّى الْخَبَرَ عَنْهَا نَفْسَهَا.

বাংলা

৩৫৩৭. আবু সালামাহ রহিমাল্লাহু আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিয়ামরত অবস্থায় তাঁর কোন এক স্ত্রীকে চুম্বন করতেন। তখন আমি আয়িশা রাদিয়াল্লাহু আনহাকে বললাম, “ফরয ও নফল সিয়াম অবস্থায়?” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “ফরয, নফল সব ধরনের সিয়াম অবস্থায়।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “এই হাদীসটি আবু সালামাহ বিন আব্দুর রহমান উমার বিন আব্দুল

আযীয থেকে, তিনি উরওয়া থেকে, তিনি আযিশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন। তিনি আযিশা রাদিয়াল্লাহু আনহা থেকে নিজে হাদীসটি শ্রবণ করেছেন।

এটি বিশুদ্ধ হওয়ার প্রমাণ হলো, মা'মার রহিমাল্লাহু ইমাম যুহরী থেকে, তিনি আবু সালামাহ থেকে, তিনি বলেন, আমি আযিশা রাদিয়াল্লাহু আনহাকে বললাম, “ফরয ও নফল সিয়াম অবস্থায়?”

কাজেই রাবী হাদীসটি কোন কোন সময় উমার বিন আব্দুল আযীয থেকে, তিনি উরওয়া থেকে, তিনি আযিশা থেকে এভাবে বর্ণনা করেছেন। আবার কোন কোন সময় খোদ আযিশা রাদিয়াল্লাহু আনহা থেকে হাদীসটি বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রায়যাক: ৭৪০৮; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩৫১; মুসনাদ আহমাদ: ৬/২৪১; তাহাবী: ২/৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে “আমি আযিশা রাদিয়াল্লাহু আনহাকে বললাম...” অংশসহ মুনকার বলেছেন। (ইরওয়াউল গালীল)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সালামাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=92871>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন